

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাআ গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

রেফারেন্স নং ০৬/০৬/মুখ্যমন্ত্রী/২০২১

তারিখ : ১১-০৬-২০২১


শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়,
মাননীয় মুখ্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার
সমীপেষ্ণু,

মহাশয়া,

বাংলার কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রায় শতাব্দীপ্রাচীন সংগঠন WBCUTA'র পক্ষ থেকে আপনাকে অভিবাদন উপর্যুপরি তৃতীয়বার মুখ্যমন্ত্রীর পদে আসীন হওয়ার জন্য। আপনার অবগতির জন্য জানাই যে আমরা ইতিমধ্যেই মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীযুক্ত ব্রাত্য বসু'র কাছে সংগঠনের তরফ থেকে এই আবেদন জানিয়েছি যে সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে যে সমস্ত শিক্ষক এবং শিক্ষাকর্মীরা ইলেকশন ডিউটি করার পর কোভিডে আক্রান্ত হয়ে প্রয়াত হয়েছেন তাদের পরিবারের একজনকে চাকরী দেওয়া হোক।

আমরা দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আপনার কার্যকালে State Aided College Teacher (SACT) হিসেবে স্বীকৃত অনেক শিক্ষক করোনা আক্রান্ত হয়ে অকালে প্রাণ হারিয়েছেন। এরা তুলনামূলক ভাবে খুবই কম বেতনে চাকরী করতেন এবং পেনশনভোগী ছিলেন না। চাকরী শেষে এদের জন্য বরাদ্দ ছিল এককালীন সামান্য কিছু টাকা। আমরা সংগঠনের পক্ষ থেকে আপনার কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি এঁদের সকলের ক্ষেত্রে পরিবার পিছু একজনের চাকরীর ব্যবস্থা করা হোক। আমরা এও লক্ষ করেছি যে এইসব প্রয়াত অধ্যাপক অধ্যাপিকাদের অনেকের পরিবারেই আমাদের প্রস্তাবিত চাকরী করার মত কেউ নেই, আছেন শুধু অশিতীপর বাবা-মা। এঁদের ক্ষেত্রে আমরা আবেদন রাখছি অবসরকালীন এককালীন টাকা এই অসহায় অভিভাবকদের হাতে তুলে দেওয়া হোক। আমরা আশাবাদী আপনি আমাদের এই আবেদনগুলি সহৃদয়তার সাথে বিবেচনা করবেন।


ধন্যবাদ ও সম্মান জানিয়ে,



(অধ্যাপক শুভোদয় দাশগুপ্ত)

সভাপতি

মোবাইল নং ৯৮৩১২০১৮৫২



(অধ্যাপক কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪